দৈনিক বাংলা

0৫0

তারিখ ২৮.৫.৮৫
পৃষ্ঠা ১ কলাম ১

# ব্যাধির নাম নকল

সম্প্রতি এসএসসি পরীক্ষায় নকলনবিস প্রায় শতাধিক পরীক্ষার্থী বিভিন্ন [redacted]থেকে বহিষ্কৃত হয়েছে। সেই সঙ্গে গেফতার হয়েছে বহু নকল সরবরাহকারী। নকল করার অধিকারের জন্যে মারপিটের ঘটনাও ঘটেছে। বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে মোতায়েন আছে পুলিশ।

নকল-পর্ব বেশ ভালোই জমেছে বলতে হবে। অবশ্য প্রতিবছরই এমন ঘটে। যেই এসএসসি পরীক্ষা আসে অমনি সাজ সাজ রব পড়ে যায়। কেউ সাজে নকল করার জন্যে, কেউ বা নকল ধরার জন্যে। এসএসসি পরীক্ষা যেন রুটিন-যুদ্ধ।

সংখ্যালঘিষ্ঠ পরীক্ষার্থীই নকল করে। অধিকাংশ শিক্ষার্থীই সৎ, আন্তরিক এবং পরিশ্রমী। কিন্তু মুষ্টিমেয় কয়েকজনই গোটা আবহাওয়া বিষিয়ে তোলে। নকলকারী যেমন আছে, তেমনি আছে নকল সাপ্লায়ার, তেমনি তাদের সাপোর্টার।

নকলের জন্যে যে পরিশ্রম তার জোরে পরীক্ষায় ভালো রেজাল্ট করা যেত। কিন্তু ফাঁকি দিয়ে সার্টিফিকেট যোগাড়ের মোহ আর গেল না। সার্টিফিকেট সর্বস্ব আমাদের সমাজ—জাল হোক, ফাঁকি দিয়ে হোক, একটা সার্টিফিকেট পেলেই হল।

আরও শক্ত হাতে পরীক্ষার নকল মোকাবিলা করার জন্য আমরা সুপারিশ করব। তবে এ শুধু আইন শৃংখলার আওতাধীন ব্যাপার ন[redacted]শিক্ষক, অভিভাবকদের কিছু দায়িত্ব আছে।